ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২০২৬

আগরতলা,৩০ জুলাই,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘‘মেয়াদোত্তীর্ণ অক্সিজেনে চলছে রাজ্যের স্বাস্থ্য পরিষেবা,’’ এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ২১ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, রাজ্যের সরকারি হাসপাতালগুলোতে ব্যবহৃত প্রতিটি অক্সিজেন সিলিন্ডার সেন্ট্রাল স্ট্যান্ডার্ড অনুসারে নির্ধারিত সময় অন্তর নিরীক্ষা ও সার্টিফিকেশনের মাধ্যমে ব্যবহারযোগ্য বলে বিবেচিত হয়। কোনো অবস্থাতেই মেয়াদোত্তীর্ণ বা অকেজো সিলিন্ডার ব্যবহারের অনুমতি দেওয়া হয় না। রাজ্যের মেডিকেল কলেজ ও জেলা হাসপাতালগুলোতে অক্সিজেন সিলিন্ডার পর্যাপ্ত মজুত রাখা হয় এবং তা নিয়মিত পর্যবেক্ষণের আওতায় থাকে। রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে ব্যবহৃত অক্সিজেন সিলিন্ডার শুধুমাত্র সরকার অনুমোদিত এবং লাইসেন্সপ্রাপ্ত সংস্থার মাধ্যমে সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ করা হয়। চিকিৎসা ব্যবস্থার কোনও পর্যায়ে রোগীর জীবনের ঝুঁকি নেওয়া হয় না। স্বাস্থ্য দপ্তর নিয়মিত পর্যবেক্ষণ, প্রশিক্ষণ ও আপডেটেড গাইডলাইন অনুসরণ করেই এই পরিষেবার মান বজায় রাখছে।

আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের মেডিকেল গ্যাস সিলিন্ডার ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে গত ২৯ জুলাই, ২০২৫ একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে মেডিক্যাল গ্যাস সিলিন্ডার ব্যবস্থাপনাকে আরও সুশৃঙ্খল, নিরাপদ ও মানসম্পন্ন করার লক্ষ্যে মেডিক্যাল গ্যাস সিলিন্ডারসমূহের নিয়মিত টেস্টিং ও ট্যাগিং বাধ্যতামূলক করা হয়েছে। যাতে সকল সিলিন্ডারে রঙের কোড অনুযায়ী রঙ করা হবে, প্রত্যেক সিলিন্ডারে AGMC মার্কিং থাকবে, সিলিন্ডার গ্রহণকালে চাপ ও ওজন পরীক্ষা বাধ্যতামূলক করা হয়েছে।এছাড়া টেন্ডার প্রক্রিয়া আগামী ৩১ আগস্ট ২০২৫-এর মধ্যে সম্পন্ন করার লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে।এদিকে অচল বা ত্রুটিপূর্ণ সিলিন্ডার আলাদা স্টোরে রাখা হবে, যাতে তা ব্যবহার থেকে বিরত রাখা যায় এবং সকল সিলিন্ডারের পূর্ণাঙ্গ টেস্টিং তিন মাসের মধ্যে সম্পন্ন করার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে। এই সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের মাধ্যমে মেডিক্যাল অক্সিজেন ব্যবস্থাপনার মান আরও উন্নত করা হবে এবং রোগীদের নিরাপত্তা নিশ্চিত করা হবে।

*****